# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

সূত্র নং-১০(৪৩৮)জাতীঃবিঃ/রেজিঃ/এ্যাকাঃ/২০০২/৪২৫ তারিখ ঃ ০৯/০২/১২

## ২০১১-২০১২ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদী বি এফ এ সম্মান শ্রেণীর ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বি এফ এ স্নাতক (সম্মান) শ্রেণীর অধিভুক্ত কোর্সসমূহে ২০১১-২০১২ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদী ভর্তি বিজ্ঞপ্তি নিম্নে দেয়া হলোঃ

**১। ভর্তি ও রেজিস্ট্রেশনের সময়সীমাঃ**

ক) ফিস সহ ভর্তির শেষ তারিখ ..........২৫/০৩/২০১২

খ) ক্লাশ শুরুর তারিখ ..........২৮/০৩/২০১২

গ) ফিস সহ ডিডি করার শেষ তারিখ ..........২৭/০৩/২০১২

ঘ) ফিস সহ ১ কপি বিবরণী ও ব্যাংক ড্রাফট বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার শেষ তারিখ ..........২৯/০৩/২০১২

**২। বি এফ এ সম্মান শ্রেণীতে শিক্ষার্থীদের ভর্তির যোগ্যতাঃ**

কেবলমাত্র ২০১০-২০১১ সালে উচ্চ মাধ্যমিক বি এফ এ প্রি ডিগ্রী/তার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা আবেদন করতে পারবে তবে শর্ত থাকে যে,

ক) ২০১০ সালে উচ্চ মাধ্যমিক/বি এফ এ প্রি ডিগ্রী পাস প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/বি এফ এ প্রি ডিগ্রী উভয় পরীক্ষাতেই ন্যূনতম GPA-2.5 পেতে হবে।

খ) ২০১১ সালে উচ্চমাধ্যমিক পাস প্রার্থীকে উচ্চমাধ্যমিক ও মাধ্যমিক উভয় পরীক্ষাতেই GPA-2.5 অথবা উচ্চমাধ্যমিক পরীক্ষায় GPA-2.5 এবং মাধ্যমিক/বি এফ এ প্রি ডিগ্রী উভয় পরীক্ষাতেই ন্যূনতম GPA-2.5 পেতে হবে।

গ) ভর্তি হতে ইচ্ছুক ছাত্র/ছাত্রীরা চারুকলা বিষয়ে ঝোঁক এবং ছবি আঁকার প্রাথমিক যোগ্যতা থাকতে হবে।

ঘ) মাদ্রাসা বোর্ডের আলিম পাস ছাত্র/ছাত্রী অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।

ঙ) জি সি ই ও লেভেল পরীক্ষায় অন্তত চারটি বিষয়ে এবং কেবল ২০১০ ও ২০১১ সালে এ লেভেল পরীক্ষায় অন্তত দুটি বিষয়ে উত্তীর্ণ ছাত্র/ছাত্রী স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে তাদেরকে 'ও' লেভেল এবং 'এ' লেভেল পরীক্ষায় মোট ছয়টি বিষয়ের মধ্যে কমপক্ষে চারটি বিষয়ে বি গ্রেড এবং অন্য দুটি বিষয়ে সি গ্রেড পেতে হবে।

চ) শিক্ষার্থীর বয়স ৩১-১২-২০১১ তারিখে সর্বোচ্চ ২২ (বাইশ) বছরের অধিক হবেনা (অর্থাৎ যাদের জন্ম ৩১/১২/১৯৮৯ তারিখের পূর্বে তারা আবেদন করতে পারবে না)।

**৩। ভর্তি পরীক্ষার নীতিমালাঃ**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয়ভাবে ভর্তি পরীক্ষা গ্রহণ করবে না সংশ্লিষ্ট ইনস্টিটিউট/কলেজসমূহ ভর্তি পরীক্ষা গ্রহণ করবে।

খ) মোট ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় ৩০ নম্বরের তত্ত্বীয় ৫০ নম্বরের ব্যবহারিক এবং ২০ নম্বরের মৌখিক পরীক্ষা অন্তর্ভুক্ত থাকবে।

গ) ভর্তি পরীক্ষার তত্ত্বীয় চারুকলা বিষয়ে সাধারণ জ্ঞান, বাংলাদেশ ও আন্তর্জাতিক ঘটনা প্রসঙ্গে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত মৌলিক বিষয়ের উপর প্রশ্ন থাকবে। তত্ত্বীয় পরীক্ষা এম সি কিউ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ চারুকলা বিষয়ে অভিজ্ঞ শিক্ষকগণের মধ্য থেকে তত্ত্বীয় প্রশ্ন প্রণেতা নিয়োগ করবেন এবং অধ্যক্ষ কর্তৃক পঠিত ভর্তি পরীক্ষা কমিটি যথাযথ গোপনীয়তা রক্ষা করে প্রশ্নপত্র ছাপানো ও পরীক্ষা গ্রহণের যাবতীয় ব্যবস্থা নিবে।

ঘ) ব্যবহারিক পরীক্ষায়, সংশ্লিষ্ট কলেজে পঠিত ভর্তি পরীক্ষা কমিটির কর্তৃক নির্ধারিত মডেল/বিষয় বস্তুর পেন্সিল মাধ্যমে রেখাচিত্র (ড্রইং) অংকন করতে হবে।

(ঙ) ভর্তি পরীক্ষায় তত্ত্বীয় বিষয়ে ৩০ নম্বরের মধ্যে ১২ নম্বর, ব্যবহারিক বিষয়ে ৫০ নম্বরের মধ্যে ২০ নম্বর এবং মৌখিক বিষয়ে ২০ নম্বরের ০৮ নম্বর পাস নম্বর হিসাবে বিবেচিত হবে

চ)ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর/জিপিএ এর ভিত্তিতে মেধাস্কোর নির্ধারিত হবে।

**৪। ফিসের হারঃ**

| | |
|---|---|
| ক) রেজিস্ট্রেশন ফিস | ঃ ৭৫০/- |
| খ) কোর্স/বিষয় পরিবর্তন ফিস | ঃ ৪৫০/- |
| গ) ক্রীড়া ও সাংস্কৃতিক ফিস | ঃ ২০/- |
| ঘ) বিএনসিস | ঃ ৫/- |
| ঙ) রোভার স্কাউট ফিস | ঃ ১০/- |
| চ) ভর্তি বাতিল ফিস | ঃ ৫০০/- |

**৫। আবেদনের নিয়ম ঃ**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট prof.nu.edu.bd হতে আবেদন ফরম Downlod করে ভর্তিচ্ছুক নির্ধারিত শিক্ষার্থীগণ হাতে পূরণ করবে। পূরণকৃত আবেদন ফরম, নির্ধারিত ফি এবং প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট কলেজ/প্রতিষ্ঠানে নির্ধারিত তারিখ অনুযায়ী জমা দিয়ে ভর্তি হবে। ২০১১-১২ শিক্ষাবর্ষ পর্যন্ত অধিভুক্তি/নবায়নের ফটোকপি/নবায়নের টাকা জমাদানের ব্যাংক রশিদ, উন্নয়ন ফিস সংশ্লিষ্ট শাখায় দাখিল পূর্বক বিশ্ববিদ্যালয় হতে User Id এবং Password সংগ্রহ করবেন। উক্ত User Id এবং Password ব্যবহার করে শিক্ষার্থীদের পুরণকৃত তথ্য computer এ কলেজ এর Interface এর Online এ Entry করবে। অন লাইনে পূরণকৃত ছাত্র/ছাত্রী ভর্তি বিবরণী Print out করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত এক কপি জাতীয় বিস্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট দপ্তরে জমা দিতে হবে। কলেজের দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি ব্যতিত অন্য কাউকে কোন অবস্থাতেই Password অবগত করা যাবে না। নির্ধারিত তারিখের পর অন লাইনে ফরম পুরণ বা সংশোদনের সুযোগ থাকবে না।

**৬। পাঠক্রম ও পাঠ্যসূচিঃ**

ক) ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষ হতে চালুকৃত পাঠ্যক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করতে হবে।

খ) পাঠ্যক্রম ও পাঠ্যসূচির বিষয়ে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল যখন যেরূপ সিদ্ধান্ত গ্রহণ করবে তা সকল ছাত্র/ছাত্রীর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৭। **বি এফ এ কোর্সের আসন সংখ্যাঃ** বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত আসনের অতিরিক্ত ভর্তি করা যাবে না।

৮। **ভর্তির সময় কলেজ কর্তৃপক্ষের পালনীয় কর্তব্যঃ**

বি এফ এ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য ছাত্র/ছাত্রীদের বিবরণী ফরমের সঙ্গে সংযুক্ত করে নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই দাখিল করতে হবেঃ

ক) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমানের পরীক্ষার নম্বর ফর্দের সত্যায়িত অনুলিপি।

খ) এসএসসি/সমমান ও এসইচএসসি/সমমানের পরীক্ষা পাস সংক্রান্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র।

বিঃদ্রঃ ভর্তির সময়ে ছাত্র/ছাত্রীদেরকে এসএসসি এবং এইচএসসি পরীক্ষার মূল নম্বর পত্র মূল সনদপত্র এবং সেগুলোর সত্যায়িত অনুলিপি কলেজে দাখিল করতে হবে। সার্টিফিকেটের সত্যতা যাচাই পূর্বক সত্যায়িত অনুলিপি (এইচএসসি পরীক্ষার মূল নম্বর পত্র অবশ্যই রাখতে হবে) রেখে মূল নম্বপরত্র এবং মূল সনদপত্র ছাত্র/ছাত্রীদেরকে ফেরৎ দিতে হবে। **১৬/০২/২০১২ হতে Online এ ভর্তি ফরম পূরনের Interface পাওয়া যাবে।**

৯। নির্ধারিত পরিমান অর্থের অতিরিক্ত বা কম অর্থের ব্যাংক ড্রাফট জমা দিলে সংশ্লিষ্ট কলেজের সামগ্রিক ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

**১০। দ্বৈত ভর্তিঃ**

কোন ছাত্র/ছাত্রী এক কোর্স/বিষয়ে ভর্তি হওয়ার পর উক্ত কোর্স/বিষয়ে অধ্যয়নরত অবস্থায় অন্য কোন কোর্স/বিষয়ে ভর্তি হতে পারবেনা। যদি কোন ছাত্র/ছাত্রী নির্দিষ্ট একটি কোর্স/বিষয়ে অধ্যয়নকালে অন্য কোন কোর্স/বিষয়ে ভর্তি হয় তাহলে তার সকল কোর্স/বিষয়ের ভর্তি বাতিল বলে গন্য হবে।

১১। কলেজ/ইন্সটিটিউটগুলিকে এ সকল নিয়ম যথাযথভাবে মেনে ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশ প্রদান করা হলো। এই নিয়মের ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ি থাকবে।

বিঃদ্রঃ ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যে কোন ধারা ও উপ-ধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন, বিয়োজন ও পুনঃসংযোজনের অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাক্ষরিত
(ড. মোবাশ্বেরা খানম)
ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।

সূত্র নং-১০(৪৩৮)জাতীঃবিঃ/রেজিঃ/এ্যাকাঃ/২০০২ তারিখ ঃ ..............

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

১। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়।
২। পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৩। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৪। পরিচালক, কম্পিউটার ও আই.সি.টি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়*(সংশ্লিষ্ট ওয়েবে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ)*।
৫। পরিচালক, জনসংযোগ ও প্রকাশন বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৬। সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর (প্রশাসন) মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৮। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৯। সেকশন অফিসার, প্রো-ভাইস-চ্যান্সেলর (একাডেমিক) মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
১০। অফিস কপি/গার্ড ফাইল।

(ড. মোবাশ্বেরা খানম)
ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।